গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য শাখা
শ্রম ভবন, ১৯৬, শহীদ নজরুল ইসলাম স্মরণী, বিজয়নগর, ঢাকা -১০০০
www.dife.gov.bd

**বিষয়ঃ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জেলা কার্যালয়সমূহের খসড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শিবনাথ রায়, মহাপরিদর্শক |
| সভার তারিখ | : | ০৬ আগষ্ট, ২০২০ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | : | বিকাল ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আইসিটি সেল র্ভাচুয়ালি (জুম মিটিং) আয়োজন করেন। |
| উপস্থিতি | : | পরিশিষ্ঠ 'ক' |

'নৈতিকতা কমিটি'-র সভাপতি ও মহাপরিদর্শক মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাগত বক্তব্য প্রদানের পর সভাপতি আলোচ্যসূচি অনুসারে আলোচনার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মতিউর রহমান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) অধিদপ্তরের জেলা কার্যালয়সমূহ কর্তৃক প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল খসড়া কর্মপরিকল্পনা ২০২০-২১ পর্যালোচনা করেন এবং মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা সমূহ জেলা কর্যালয়গুলোকে অবগত করে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনাতে সভায় নিমোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১) অধিদপ্তরের জেলা কার্যালয়ের "শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১" খসড়া সংশোধন করে আগামী ১৬ আগস্ট, ২০২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং স্ব স্ব ওয়েব সাইটে আপলোড করতে হবে।

২) প্রতিটি কার্যালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট মনোনয়ন দিতে হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। জেলা কার্যালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার বক্স সর্বদা হালনাগাদ করতে হবে।

৩) শুদ্ধাচার কাঠামোতে কার্যক্রম অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম উল্লেখপূর্বক একটি অফিস আদেশ করতে হবে।

৪) জেলা কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির সভা প্রত্যেক কোয়ার্টার শুরু হওয়ার ১ম সপ্তাহে করতে হবে এবং সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫) প্রতিটি সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়নের প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং প্রধান কার্যালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে।

৬) স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা তিনটি অংশে করতে হবে। ক. বাধ্যতামুলক তথ্য প্রকাশ খ. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ গ. তথ্য প্রকাশে নিষেধাজ্ঞা।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

০৭.০৮.২০২০

শিবনাথ রায়
মহাপরিদর্শক
ফোন: ০২-৮৩৯১৩৪৮
ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫
ইমেইল: chiefdife@gmail.com